

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪.২০১৮-৫৮

তারিখ- ২.০২.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ ফেরদৌসী আক্তার (১৩১৫২৩), মেডিকেল অফিসার, সোনাইমুড়ি উপস্বাস্থ্য কেন্দ্র, সোনাইমুড়ি, নোয়াখালী বিবুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, ডাঃ ফেরদৌসী আক্তার (১৩১৫২৩), মেডিকেল অফিসার, সোনাইমুড়ি উপস্বাস্থ্য কেন্দ্র, সোনাইমুড়ি, নোয়াখালী গত ১৭.০১.২০১৭ খ্রিঃ হতে ১০/০৯/২০১৭ খ্রিঃ পর্যন্ত কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিতি ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
(মোঃ সিরাজুল কারিম)  
সচিব

ডাঃ ফেরদৌসী আক্তার (১৩১৫২৩)

মেডিকেল অফিসার

সোনাইমুড়ি উপস্বাস্থ্য কেন্দ্র,

সোনাইমুড়ি, নোয়াখালী।


(স্থায়ী ঠিকানাঃ গ্রাম ও ডাকঘর-মিরওয়ারিশপুর (খেজুর তলা), উপজেলা-বেগমগঞ্জ, জেলা- নোয়াখালী)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪.২০১৮- ৫৮/৩(৫)

তারিখ- ২.০২.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য বিভাগ, চট্টগ্রাম।
- ৪। সিভিল সার্জন, নোয়াখালী।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


  
(মোঃ রেজাউল কারিম)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc[at]mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ ফেরদৌসী আক্তার (১৩১৫২৩), মেডিকেল অফিসার, সোনাইমুড়ি উপস্বাস্থ্য কেন্দ্র, সোনাইমুড়ি, নোয়াখালী গত ১৭/০১/২০১৭ খ্রিঃ তারিখে শারীরিক অসুস্থতা জনিত কারণে ০৪ (চার) মাসের অর্জিত ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করে বিগত ১৭/০১/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১০/০৯/২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'ডিজারশন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(মোঃ সিরাজুল হক খান)  
সচিব